

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ২৩৭৭

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - আল্লাহ তা'আলার রহমতের ব্যাপকতা

আরবী

وَعَنْ عَامِرِ الرَّامِ قَالَ: بَيْنَا نَحْنُ عِنْدَهُ يَغْنِي عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ أَقْبَلَ رَجُلٌ عَلَيْهِ كِسَاءٌ وَفِي يَدِهِ شَيْءٌ قَدْ التَفَّ عَلَيْهِ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ مَرَرْتُ بِغِيْضَةِ شَجَرٍ فَسَمِعْتُ فِيهَا أَصْوَاتَ فِرَاحٍ طَائِرٍ فَأَخَذْتُهُنَّ فَوَضَعْتُهُنَّ فِي كِسَائِي فَجَاءَتْ أُمُّهُنَّ فَاسْتَدَارَتْ عَلَى رَأْسِي فَكَشَفْتُ لَهَا عَنْهُنَّ فَوَقَعَتْ عَلَيْهُنَّ فَلَفَفْتُهُنَّ بِكِسَائِي فَهُنَّ أُولَاءِ مَعِيَ قَالَ: «ضَعْنَهُنَّ» فَوَضَعْتُهُنَّ وَأَبَتْ أُمُّهُنَّ إِلَّا لُزِمَهُنَّ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَتَعْجِبُونَ لِرَحْمِ أُمِّ الْفِرَاحِ فِرَاحُهَا؟ فَوَالَّذِي بَعَثَنِي بِالْحَقِّ: لِلَّهِ أَرْحَمُ بِعِبَادِهِ مِنْ أُمِّ الْفِرَاحِ بِفِرَاحِهَا أَرْجِعْ بِهِنَّ حَتَّى تَضَعَهُنَّ مِنْ حَيْثُ أَخَذْتَهُنَّ وَأُمُّهُنَّ مَعَهُنَّ .
فَرَجَعَ بِهِنَّ . رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

২৩৭৭-[১৪] 'আমির্ আর্ রম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে ছিলাম। তখন জনৈক ব্যক্তি আসলো, যার গায়ে একটি চাদর জাতীয় জিনিস জড়ানো ছিল, আর তার হাতে কোন কিছু ছিল। সে বলল, হে আল্লাহর রসূল! আমি বনের পাশ দিয়ে যাচ্ছিলাম। এমন সময়ে পাখির বাচ্চার আওয়াজ শুনতে পেলাম। আমি বাচ্চাগুলোকে আমার চাদরে রাখলাম। হঠাৎ এদের মা এসে আমার মাথার উপর ঘুরতে লাগল। অবস্থাদৃষ্টে আমি তার জন্য বাচ্চাগুলোকে উন্মুক্ত করলাম, এমন সময় মা পাখিটি ওদের মধ্যে এসে মিলে গেল। তখন আমি এদের সকলকে আমার চাদরে জড়িয়ে ফেললাম। এগুলো এখনো আমার সাথে। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এদেরকে ছেড়ে দাও। আমি সাথে সাথে ছেড়ে দিলাম, কিন্তু তাদের মা বাচ্চাদের ছেড়ে গেল না। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, বাচ্চাদের ওপর তাদের মায়ের মমত্ববোধ দেখে তোমরা কী আশ্চর্যান্বিত হচ্ছ? সেই সত্তার কসম, যিনি আমাকে সত্যসহ পাঠিয়েছেন, বাচ্চাগুলোর ওপর তাদের মায়ের দয়ার চেয়েও অবশ্যই আল্লাহ তার বান্দাদের ওপর বেশি দয়াবান। এগুলোকে নিয়ে যাও এবং যেখান থেকে নিয়ে এসেছ যথাস্থানে তাদের মায়ের সাথে রেখে এসো। তাই সে (বাচ্চাগুলো) নিয়ে গেল। (আবু দাউদ)[১]

ফুটনোট

[1] যঈফ : আবু দাউদ ৩০৮৯, শুআবুল ইমান ৬৭২৮। কারণ এর সানাদে তিনজন রাবী মাজহুল রয়েছে। যথা- আবু মানযুর, তার চাচা, তার চাচা আমির আর রম।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَكَشَفْتُ لَهَا عَنْهُنَّ) “আমি তার জন্য বাচ্চাগুলোকে উন্মুক্ত করলাম”। অর্থাৎ- বাচ্চার মা যাতে বাচ্চাগুলো দেখতে পারে সেজন্য কাপড় কিছুটা সরিয়ে বাচ্চাগুলোর চেহারা তাদের মায়ের সামনে প্রকাশ করলাম।

(فَوَقَعَتْ) “মা তাতে পতিত হলো”। অর্থাৎ- বাচ্চাগুলোর মা বাচ্চার সাথে গিয়ে মিলিত হলো।

(فَلَفَّئْتُهُنَّ) অতঃপর আমি সবগুলো জড়িয়ে নিলাম। অর্থাৎ- বাচ্চার মা সহ বাচ্চাগুলোকে কাপড় দিয়ে জড়িয়ে নিয়ে এসেছি।

(ارْجِعْ بِهِنَّ حَتَّى تَضَعَهُنَّ مِنْ حَيْثُ أَخَذْتَهُنَّ) “তুমি সেগুলো যেখান থেকে নিয়ে এসেছ সেখানে নিয়ে ফিরিয়ে দিয়ে আসো”। বাচ্চাগুলোকে মা সহ সে স্থানে ফিরিয়ে দিতে বললেন যেখান থেকে তা নিয়ে এসেছে। এজন্য যে, ঐ স্থানটি ঐ পাখীর পরিচিত এবং ঐ জায়গার প্রতি তাদের ভালোবাসা আছে, তাই সেখানে ফিরিয়ে দিতে বললেন।

হাদীসের শিক্ষাঃ

১. অনর্থক পশু-পাখীকে কষ্ট দেয়া অবৈধ।
২. মানুষ যেমন স্থায়ী আবাসস্থলকে ভালোবাসে, তদ্রূপ পাখীও তাদের আবাসস্থলকে ভালোবাসে।
৩. পশু-পাখীর প্রতি দয়া করা একটি উত্তম গুণ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56937>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন